



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

125045

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৫০৪৫১/নীলফামারী-৫৮/ ২২৩৫

তারিখ: ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে

সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৫০৪৫১/১১৬৬/নথি নং-৫৮; তারিখ: ০২.০৭.২০২০খ্রি:
২) স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫, ০০১.০৫.০০১.২০.১০৪৮; তারিখ: ০৮ অক্টোবর ২০২০
৩) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৫০৪৫১/নথি নং-৫৮/১২১৯; তারিখ: ০৪ নভেম্বর ২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন দলিরাম ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে অবৈধভাবে গোপনে প্রতিষ্ঠাতা ও দাতা সদস্যদের নাম বাদ দিয়ে কমিটি গঠনের বিষয়ে অধ্যাপক মোস্তাফিজুর রহমান কর্তৃক দাখিলকৃত অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারীকে সূত্রোক্ত ১নং স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারীর অভিযোগ সত্য মর্মে প্রতীয়মান হয়। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৭(১) এর (চ) ও (ছ) প্রতিপালন না করায় প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে মাদ্রাসার সুপার যে জবাব দাখিল করেছেন তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

বর্ণিত অবস্থায় অভিযোগকারীর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং সূত্রোক্ত ৩নং স্মারকে কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে অত্র বোর্ড হতে নং-বামাশিবো/প্রশা/২২৪১৯১২৫০৪৫১/২২১৬০/নথি নং -৫৮; তারিখ: ২৪-১০-২০১৯ খ্রি: স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: সুপার/ভারপ্রাপ্ত সুপার
দলিরাম ইসলামিয়া দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারী;

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩২০১২৫০৪৫১/নীলফামারী-৫৮/ ২২৩৫

তারিখ: ০২ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নীলফামারী;
২. জেলা শিক্ষা অফিসার, নীলফামারী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী;
৪. সভাপতি ও সদস্যবৃন্দ- ভেঞ্চে দেয়া ম্যানেজিং কমিটি, দলিরাম ইসলামিয়া দাখিল মাদ্রাসা, কিশোরগঞ্জ, নীলফামারী;
৫. অধ্যাপক মোস্তাফিজুর রহমান (প্রতিষ্ঠাতা), ঠিকানা- ৩৯/২ বর্ধনবাড়ী, দারুঙ্গালা, মিরপুর, ঢাকা;
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd